অতীব জরুরি

**শেখ হাসিনার মূলনীতি**
**গ্রাম শহরের উন্নতি**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা
www.lgd.gov.bd

নম্বর : ৪৬.০০.০০০০.০৬৩.০৯.০০২.২২.৮০০ তারিখ: ১৪ জ্যৈষ্ঠ ১৪৩০ / ২৮ মে ২০২৩

**বিষয় : একাদশ জাতীয় সংসদের ২৩তম অধিবেশনের মাননীয় মন্ত্রীর প্রশ্নোত্তর প্রদান।**

সূত্র : এ বিভাগের সমন্বয় ও কাউন্সিল শাখার স্মারক ৪৬.০০.০০০০.০৩৮.০০১.০০৯.২০২৩-১৬৮, তারিখ: ২৮ মে ২০২৩।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে একাদশ জাতীয় সংসদের ২৩তম অধিবেশনের আগামী ০৮ জুন ২০২৩ তারিখের বৈঠকে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী কর্তৃক উত্তরদানের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রশ্নসমূহের খসড়া উত্তর আগামী ৩০ মে ২০২৩ তারিখ বেলা ১২.০০টার মধ্যে প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

| ক্রমিক | প্রশ্নকারী | প্রশ্ন |
|---|---|---|
| লিখিত প্রশ্ন ১৭৮ | খঃ মমতা হেনা লাভলী<br>মাননীয় সংসদ সদস্য<br>(মহিলা আসন-৩১) | স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় (স্থানীয় সরকার বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, টাঙ্গাইল পৌরসভায় ক্ষতিগ্রস্ত বিভিন্ন রাস্তাগুলি এই অর্থ বছরের মধ্যে মেরামত করা হইবে কিনা? |
| লিখিত প্রশ্ন ১৮৮ | জনাব আনোয়ার হোসেন খান<br>মাননীয় সংসদ সদস্য<br>(লক্ষ্মীপুর-১) | স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় (স্থানীয় সরকার বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চলতি অর্থ বছরে আমার নির্বাচনী এলাকা লক্ষ্মীপুর-১ এর অন্তর্গত রামগঞ্জ উপজেলাধীন পৌরসভার পানি নিষ্কাশন, রাস্তার উন্নয়ন ও ড্রেন সংস্কারের লক্ষ্যে কোনো প্রকল্প গৃহীত হইয়াছে কিনা; হইলে, তাহা কী? |
| মৌখিক প্রশ্ন *২২১ | মোছাঃ খালেদা খানম<br>মাননীয় সংসদ সদস্য<br>(মহিলা আসন-২৭) | স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় (স্থানীয় সরকার বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ঝিনাইদহ পৌরসভার ড্রেন সংস্কার ও ফুটপাত নির্মাণের লক্ষ্যে কোন প্রকল্প গ্রহণ করা হইয়াছে কিনা, হইলে, তাহা কী? |

২। মৌখিক তারকাচিহ্নিত প্রশ্ন *২২১ প্রশ্নের ৫টি সম্পূরক প্রশ্ন ও খসড়া উত্তর প্রদান করতে হবে।

২৮/০৫/২০২৩


মোঃ আব্দুর রহমান
উপসচিব
ফোন: +৮৮০২৯৫১৪১৪২
ইমেইল: lgpaura1@lgd.gov.bd


মেয়র
টাঙ্গাইল পৌরসভা, টাঙ্গাইল/ রামগঞ্জ পৌরসভা, লক্ষ্মীপুর/ ঝিনাইদহ পৌরসভা, ঝিনাইদহ

অনুলিপি:

১. অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. যুগ্মসচিব (নগর উন্নয়ন-২ অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

সংসদ অধিবেশন সর্বোচ্চ অগ্রাধিকার

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সমন্বয় ও কাউন্সিল শাখা
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০০.০০০০.০৩৮.০০১.০০৯.২০২৩-১৬৮ তারিখ: ১৪ জ্যৈষ্ঠ ১৪৩০ / ২৮ মে ২০২৩

বিষয় : একাদশ জাতীয় সংসদের '২৩তম' অধিবেশনের বৈঠকে উত্তরদানের জন্য তথ্য প্রেরণ।

সূত্র: জাতীয় সংসদ সচিবালয়ের পত্র সংখ্যা-১১.০০.০০০০.৮৬৬.০৯.০০৩.১৯-১০২,তারিখ: ১৬ মে ২০২৩

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে একাদশ জাতীয় সংসদের '২৩তম' অধিবেশনের আগামী ০৮ জুন ২০২৩ তারিখের বৈঠকে মাননীয় মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় কর্তৃক উত্তরদানের জন্য বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়ের প্রশ্ন শাখা হতে প্রাপ্ত মোট ৫৮টি (মৌখিক ২৩টি এবং লিখিত ৩৫টি) প্রশ্নের উত্তর প্রস্তুতের নিমিত্ত প্রয়োজনীয় তথ্য (প্রতিটি মৌখিক প্রশ্নের ৫টি করে সম্পূরক প্রশ্ন ও উত্তরসহ নিকস ফন্টে সফট কপি ও হার্ড কপিসহ) **আগামী ৩১/০৫/২০২৩ তারিখের মধ্যে** আবশ্যিকভাবে সমন্বয় ও কাউন্সিল শাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ................. পাতা।

২৮।৫।২৩

(মোহাম্মদ সাঈদ-উর-রহমান)
উপসচিব
ফোন: ০২-৫৫১০০৪০৮
ই-মেইল:-councillgd@lgd.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর/ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা;
২। প্রধান নির্বাহী কর্মকর্তা,ঢাকা উত্তর/দক্ষিণ সিটি কর্পোরেশন/চট্টগ্রাম সিটি কর্পোরেশন/বরিশাল সিটি কর্পোরেশন;
৩। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা/চট্টগ্রাম ওয়াসা;
৪। উপসচিব (সিটি কর্পোরেশন-১/২, উন্নয়ন-১/২, পানি সরবরাহ-১/২, পৌর ১/২, পরিকল্পনা-১/৩ শাখা/, স্থানীয় সরকার বিভাগ।

অনুলিপি : সদয় অবগতির জন্য-

১। অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন/উন্নয়ন/পানি সরবরাহ অনুবিভাগ)/মহাপরিচালক(পমূপ),স্থানীয় সরকার বিভাগ;
২। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়;
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ;

বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়
প্রশ্ন শাখা

২০২৩ সালের ০৮ জুন, বৃহস্পতিবার অনুষ্ঠেয় সংসদের বৈঠকে লিখিত উত্তরদানের জন্য প্রশ্ন-তালিকা।

১৬৬। **জনাব এম. আব্দুল লতিফ (চট্টগ্রাম-১১):** স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় (স্থানীয় সরকার বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চট্টগ্রাম এবং ঢাকা ওয়াসার প্রতিটি জোনে পানির গুণাগুণ নিয়মিত পরীক্ষা করা হয় কিনা; না হইলে, প্রতিটি জোনে নিয়মিত পানির গুণাগুণ পরীক্ষার ব্যবস্থা গ্রহণ করা হইবে কিনা; এবং হইলে, কবে নাগাদ বাস্তবায়ন করা হইবে?

১৬৭। **জনাব মোরশেদ আলম (নোয়াখালী-২):** সংসদ কার্যে প্রধানমন্ত্রীর কার্যালয় এর দায়িত্বপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বঙ্গোপসাগরে নীল অর্থনীতির সম্ভাবনাকে কাজে লাগাইতে সরকার কোনো গবেষণা করিতেছে কিনা; করিলে, তাহা কী?

১৬৮। **জনাব দিদারুল আলম (চট্টগ্রাম-৪):** যুব ও ক্রীড়া মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, দেশের প্রতিটি উপজেলা সদরে একটি করিয়া মিনি স্টেডিয়াম নির্মাণে সরকারের পরিকল্পনা আছে কিনা; থাকিলে, তাহা কী?

১৬৯। **নুরুন্নবী চৌধুরী (ভোলা-৩):** সংসদ কার্যে প্রধানমন্ত্রীর কার্যালয় এর দায়িত্বপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ২০১৮-১৯ অর্থ বছর হইতে ২০২১-২২ অর্থ বছর পর্যন্ত সময়ে দেশে মোট কত টাকা বিনিয়োগ হইয়াছে; তন্মধ্যে বিদেশি বিনিয়োগের পরিমাণ কত?

✓ ১৭০। **জনাব মোঃ মামুনুর রশীদ কিরন (নোয়াখালী-৩):** স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় (স্থানীয় সরকার বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ডিএনডি এলাকায় জলাবদ্ধতার স্থায়ী সমাধানকল্পে সরকার গত ১৪ বছর কী কী পদক্ষেপ গ্রহণ ও বাস্তবায়ন করিয়াছে?

১৭১। **জনাব নাছিমুল আলম চৌধুরী (কুমিল্লা-৮):** স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় (স্থানীয় সরকার বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, গত এক দশকে দেশের উপকূলীয় জেলাগুলিতে কত টাকা ব্যয়ে কতটি সাইক্লোন সেন্টার নির্মাণ করা হইয়াছে; এবং উপকূলীয় অঞ্চলে নতুন আরো একাধিক সাইক্লোন সেন্টার নির্মাণের পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে, তাহা কী?

১৭২। **হাজী মোঃ সেলিম (ঢাকা-৭):** যুব ও ক্রীড়া মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি- (ক) জাতীয় দলের জন্য উপযুক্ত খেলোয়াড় তৈরীর লক্ষ্যে আন্তঃজেলা পর্যায়ে ফুটবল ও ক্রিকেট প্রতিযোগিতা শুরু করা হইবে কিনা;

(খ) উত্তর না সূচক হইলে, তাহার কারণ কী?

১৭৩। **হাজী মোঃ সেলিম (ঢাকা-৭):** যুব ও ক্রীড়া মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি- (ক) চলতি অর্থ বছরে ঢাকা জেলায় যুব প্রশিক্ষণ ও আত্ম কর্মসংস্থান প্রকল্পের আওতায় কোনো অর্থ বরাদ্দ করা হইয়াছে কিনা; এবং

(খ) উত্তর হ্যাঁ সূচক হইলে, থানাওয়ারী তাহার পরিমাণ কত?

১৭৪। **হাজী মোঃ সেলিম (ঢাকা-৭):** স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় (স্থানীয় সরকার বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি- (ক) আর্সেনিকের কবল হইতে সাধারণ মানুষকে রক্ষাকরণে সরকারের গৃহীত পদক্ষেপ কী; এবং

(খ) গৃহীত পদক্ষেপের বাস্তবায়ন অগ্রগতি কী?

১৭৫। **জনাব এম. আব্দুল লতিফ (চট্টগ্রাম-১১):** স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় (স্থানীয় সরকার বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, দেশের খরা মৌসুমগুলিতে সারাদেশে তীব্র পানির সংকট মোকাবেলায় বর্তমান সরকার এই যাবৎ কী কী পদক্ষেপ গ্রহণ করিয়াছে?

**১৭৬। মোঃ শাহে আলম (বরিশাল-২)**: যুব ও ক্রীড়া মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বাংলাদেশে সকল প্রকার খেলাধুলায় প্রতিযোগী খেলোয়াড়দের সুযোগ সুবিধা বৃদ্ধির কোনো পরিকল্পনা আছে কিনা; থাকিলে, তাহা কী?

**১৭৭। মোঃ শাহে আলম (বরিশাল-২)**: স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় (স্থানীয় সরকার বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বরিশাল জেলার উজিরপুর ও বানারীপাড়া উপজেলার অবকাঠামোগত উন্নয়নের কোনো প্রকল্প চলতি অর্থ বছরে গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে, তাহা কী?

**১৭৮। খঃ মমতা হেনা লাভলী (মহিলা আসন-৩১)**: স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় (স্থানীয় সরকার বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, টাঙ্গাইল পৌরসভার ক্ষতিগ্রস্ত বিভিন্ন রাস্তাগুলি এই অর্থ বছরের মধ্যে মেরামত করা হইবে কিনা?

**১৭৯। জনাব মোঃ মুজিবুল হক (কিশোরগঞ্জ-৩)**: স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় (স্থানীয় সরকার বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, প্রতি বৎসর বর্ষাকালে ঢাকা শহরে মশাবাহিত ডেঙ্গু ও চিকুনগুনিয়া রোগের প্রাদুর্ভাব হয় বিধায় ডেঙ্গু ও চিকুনগুনিয়া প্রতিরোধের নিমিত্তে মশা নিধনের জন্য সরকার কোনো পরিকল্পনা গ্রহণ করিয়াছে কিনা ?

**১৮০। জনাব এম. আব্দুল লতিফ (চট্টগ্রাম-১১)**: সংসদ কার্যে প্রধানমন্ত্রীর কার্যালয় এর দায়িত্বপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, দেশে বিনিয়োগের নতুন সম্ভাবনাময় খাত সুনীল অর্থনীতি; কিন্তু নীল সমুদ্র অর্থনীতির সম্ভাবনা কিছু কিছু প্রতিবন্ধকতার কারণে গতি পাইতেছেনা; বিষয়টি সত্য হইলে, সরকার দেশের জাতীয় স্বার্থে এই বিষয়ে কোনো পদক্ষেপ গ্রহণ করিবে কিনা?

**১৮১। জনাব আবদুল মান্নান (লক্ষ্মীপুর-৪)**: স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় (স্থানীয় সরকার বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, লক্ষ্মীপুর জেলার রামগতি ও কমলনগর উপজেলায় বর্তমানে কাঁচা/পাকা রাস্তার পরিমাণ কত; পৃথকভাবে হিসাব কী; এবং কাঁচা রাস্তা কবে নাগাদ পাকা করা হইবে?

**১৮২। জনাব আনোয়ার হোসেন খান (লক্ষ্মীপুর-১)**: স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় (পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চলতি অর্থ বছরে আমার নির্বাচনী এলাকা লক্ষ্মীপুর-১ এর অন্তর্গত রামগঞ্জ উপজেলার হাটবাজার উন্নয়নে কোনো প্রকল্প গৃহীত হইয়াছে কিনা; হইলে, তাহা কী?

**১৮৩। জনাব নুর উদ্দিন চৌধুরী নয়ন (লক্ষ্মীপুর-২)**: স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় (স্থানীয় সরকার বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ঢাকার মিরপুর ১২ নম্বরস্থ উত্তর সিটি কর্পোরেশনের ২ নং ওয়ার্ডে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ মিরপুর জোনের প্রস্তাবিত প্রকল্পের অধীনে বঙ্গবন্ধু কলেজ এর পশ্চিম পার্শ্বে মিরপুর হাউজিং এর প্লটসমূহের পিছনে নকশা অনুযায়ী বর্ণিত ২০ ফুট রাস্তা নির্মাণের কাজ অবিলম্বে শুরু করা হইবে কিনা?

**১৮৪। জনাব কাজিম উদ্দিন আহম্মেদ (ময়মনসিংহ-১১)**: স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় (স্থানীয় সরকার বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ময়মনসিংহ জেলার ভালুকা উপজেলায় গ্রামীণ রাস্তাঘাট সংস্কার/পুনঃনির্মাণ করিবার লক্ষ্যে বর্তমানে কোনো প্রকল্প গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে, তাহা কী?

**১৮৫। জনাব কাজিম উদ্দিন আহম্মেদ (ময়মনসিংহ-১১)**: স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় (স্থানীয় সরকার বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমান সরকারের সময়ে দেশে কী পরিমাণ রাস্তা নির্মাণ করা হইয়াছে; জেলাওয়ারী তাহার হিসাব কী?

**১৮৬। জনাব আবদুল মান্নান (লক্ষ্মীপুর-৪)**: যুব ও ক্রীড়া মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, লক্ষ্মীপুর জেলার রামগতি ও কমলনগর উপজেলায় খেলার মাঠ উন্নয়নে কোনো প্রকল্প গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে, তাহা কী?

**১৮৭। জনাব আবদুল মান্নান (লক্ষ্মীপুর-৪)**: স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় (স্থানীয় সরকার বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, লক্ষ্মীপুর জেলার রামগতি ও কমলনগর উপজেলায় অবকাঠামোগত উন্নয়নের লক্ষ্যে কোনো প্রকল্প গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে, তাহা কী; না হইলে, প্রকল্প গ্রহণ করা হইবে কিনা?

**১৮৮। জনাব আনোয়ার হোসেন খান (লক্ষ্মীপুর-১):** স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় (স্থানীয় সরকার বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চলতি অর্থ বছরে আমার নির্বাচনী এলাকা লক্ষ্মীপুর-১ এর অন্তর্গত রামগঞ্জ উপজেলাধীন পৌরসভার পানি নিষ্কাশন, রাস্তার উন্নয়ন ও ড্রেন সংস্কারের লক্ষ্যে কোনো প্রকল্প গৃহীত হইয়াছে কিনা; হইলে, তাহা কী?

**১৮৯। জনাব আনোয়ার হোসেন খান (লক্ষ্মীপুর-১):** যুব ও ক্রীড়া মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, আমার নির্বাচনী এলাকা লক্ষ্মীপুর-১ এর অন্তর্গত রামগঞ্জ উপজেলায় একটি মিনি স্টেডিয়াম নির্মাণের কাজ বর্তমানে কী পর্যায়ে রহিয়াছে; কবে নাগাদ তাহার কাজ সম্পন্ন হইবে?

**১৯০। জনাব নুর উদ্দিন চৌধুরী নয়ন (লক্ষ্মীপুর-২):** স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় (স্থানীয় সরকার বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চলতি অর্থ বছরে লক্ষ্মীপুর জেলার রায়পুর ও সদর উপজেলার একাংশের অবকাঠামোগত উন্নয়নের লক্ষ্যে কোনো প্রকল্প চলমান আছে কিনা; থাকিলে, তাহা কী?

**১৯১। জনাব নুর উদ্দিন চৌধুরী নয়ন (লক্ষ্মীপুর-২):** যুব ও ক্রীড়া মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, আমার নির্বাচনী এলাকা লক্ষ্মীপুর জেলার অন্তর্গত রায়পুর ও সদর উপজেলার একাংশে একটি মিনি স্টেডিয়াম নির্মাণ কাজ শুরু হইয়াছে কিনা; হইলে, বর্তমানে তাহার কী অবস্থা; কবে নাগাদ তাহার কাজ শেষ হইবে?

**১৯২। খঃ মমতা হেনা লাভলী (মহিলা আসন-৩১):** স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় (স্থানীয় সরকার বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, টাঙ্গাইল জেলা শহরের মানুষের চিত্ত বিনোদনের জন্য একটি আধুনিক পার্ক নির্মাণের কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা ; থাকিলে, কবে নাগাদ নির্মাণ করা হইবে?

**১৯৩। সৈয়দা রুবিনা আক্তার (মহিলা আসন-২৮):** স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় (স্থানীয় সরকার বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চলতি অর্থ বছরে বরিশাল সিটি কর্পোরেশনের ড্রেন সংস্কার ও ফুটপাত নির্মাণের লক্ষ্যে কোনো প্রকল্প গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে, তাহা কী?

**১৯৪। জনাব মোঃ ছলিম উদ্দীন তরফদার (নওগা-৩):** স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় (স্থানীয় সরকার বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ২০১৪ সাল হইতে এই পর্যন্ত নওগাঁ জেলায় কী পরিমাণ কাঁচা রাস্তা পাকা করা হইয়াছে ; এবং স্থানীয় সরকার মন্ত্রণালয়াধীন কতটি সেতু নির্মাণ করা হইয়াছে; উপজেলাওয়ারী হিসাব কী?

**১৯৫। জনাব মাহফুজুর রহমান (চট্টগ্রাম-৩):** যুব ও ক্রীড়া মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, আমার নির্বাচনী এলাকা ২৮০, চট্টগ্রাম-৩ সন্দ্বীপ উপজেলায় একটি মিনি স্টেডিয়াম নির্মাণের কাজ বর্তমানে কী পর্যায়ে আছে; কবে নাগাদ তাহা বাস্তবায়ন করা হইবে?

**১৯৬। জনাব মাহফুজুর রহমান (চট্টগ্রাম-৩):** স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় (স্থানীয় সরকার বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ২০২২-২৩ অর্থ বছরে চট্টগ্রাম জেলার সন্দ্বীপ উপজেলার গ্রামীণ রাস্তাঘাট সংস্কার ও নতুন রাস্তা পাকাকরণের জন্য এলজিইডির বিভিন্ন প্রকল্পের আওতায় কী কোনো প্রকল্প গ্রহণ করা হইয়াছে; হইলে, তাহা কী; এবং মোট কত টাকা বরাদ্দ প্রদান করা হইয়াছে?

**১৯৭। জনাব মাহফুজুর রহমান (চট্টগ্রাম-৩):** স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় (স্থানীয় সরকার বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, উপকূলীয় জেলাসমূহে বৃষ্টির পানি সংরক্ষণের মাধ্যমে পানি সরবরাহ শীর্ষক প্রকল্পের আওতায় চট্টগ্রাম জেলার সন্দ্বীপ উপজেলায় মোট ৬,৩৪৭ টি রেইন ওয়াটার হারভেস্টর স্থাপন করিবার পরিকল্পনা গ্রহণ করা হইয়াছে; উক্ত প্রকল্পটি কবে নাগাদ বাস্তবায়ন করা হইবে?

**১৯৮। সৈয়দা রুবিনা আক্তার (মহিলা আসন-২৮):** স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় (স্থানীয় সরকার বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে বরিশাল জেলায় স্থানীয় সরকার মন্ত্রণালয়াধীন কাঁচা/পাকা রাস্তার পরিমাণ কত; উপজেলাওয়ারী হিসাব কী; এবং রাস্তাগুলি পাকা করা হইবে কিনা; হইলে, কবে নাগাদ করা হইবে?

**১৯৯। সৈয়দা রুবিনা আক্তার (মহিলা আসন-২৮):** স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় (স্থানীয় সরকার বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্র করিয়া বলিবেন কি, বর্তমানে বরিশাল জেলার গ্রামীণ রাস্তাঘাট উন্নয়ন, সংস্কার/পুনঃনির্মাণ করিবার লক্ষ্যে বর্তমানে কোনো প্রকল্প গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে, তাহা কী?

**ঢাকা,**

**১৩ জ্যৈষ্ঠ, ১৪৩০ বঙ্গাব্দ।**

**২৭ মে, ২০২৩ খ্রিস্টাব্দ।**

**কে, এম, আব্দুস সালাম**

সংসদ সচিব

বাংলাদেশ জাতীয় সংসদ।

বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়
প্রশ্ন শাখা

২০২৩ সালের ০৮ জুন, বৃহস্পতিবার অনুষ্ঠেয় সংসদের বৈঠকে মৌখিক উত্তরদানের জন্য প্রশ্ন-তালিকা।

***২০৫। জনাব মোঃ শহীদুজ্জামান সরকার (নওগাঁ-২):** স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় (স্থানীয় সরকার বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে নওগাঁ জেলার পত্নীতলা ও ধামইরহাট উপজেলায় কাঁচা/পাকা রাস্তার পরিমাণ কত; পৃথকভাবে রাস্তার পরিমাণ কত; এবং কাঁচা রাস্তা পাকা করা হইবে কিনা?

***২০৬। জনাব মোকাব্বির খান (সিলেট-২):** সংসদ কার্যে নির্বাচন কমিশন সচিবালয় এর দায়িত্বপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, অতীতের নির্বাচন কমিশনগুলির মতো সরকারের আজ্ঞাবহ না হইয়া আগামী দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন অবাধ, সুষ্ঠু, নিরপেক্ষ ও গ্রহণযোগ্য করিবার নিমিত্ত বর্তমান নির্বাচন কমিশনের বিশেষ কোনো পরিকল্পনা আছে কিনা; থাকিলে, তাহা কী?

***২০৭। জনাব এ. কে. এম. রহমতুল্লাহ (ঢাকা-১১):** যুব ও ক্রীড়া মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি,-

ক) যুব প্রশিক্ষণ ও আত্মকর্মসংস্থান প্রকল্পের আওতায় চলতি অর্থ বছরে রাজধানী ঢাকা জেলার ব্যয় বরাদ্দ কত; থানাওয়ারী হিসাব কী; এবং

খ) উক্ত অর্থ ব্যয়ের নিয়ম ও নীতিমালা কী?

***২০৮। জনাব মোহাম্মদ সাহিদুজ্জামান (মেহেরপুর-২):** স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় (স্থানীয় সরকার বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, মেহেরপুর জেলার গাংনী উপজেলার জনসাধারণের বিশুদ্ধ খাবার পানির সমস্যার সমাধানকল্পে কোনো প্রকল্প গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে, তাহা কী?

***২০৯। জনাব আনোয়ারুল আবেদীন খান (ময়মনসিংহ-৯):** যুব ও ক্রীড়া মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চলতি অর্থ বছরে ময়মনসিংহ জেলার নান্দাইল উপজেলায় যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কর্তৃক খেলার মাঠ উন্নয়নে আর্থিক অনুদান প্রদান করা হইয়াছে কিনা; হইলে, তাহার তালিকা কী?

***২১০। জনাব মোহাম্মদ এবাদুল করিম (ব্রাহ্মণবাড়িয়া-৫):** স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় (স্থানীয় সরকার বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ব্রাহ্মণবাড়িয়া জেলার নবীনগর উপজেলার গ্রামীণ রাস্তাঘাট সংস্কার/পুনঃনির্মাণ করিবার লক্ষ্যে বর্তমানে কোনো প্রকল্প গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে, তাহা কী?

***২১১। জনাব মোঃ মুজিবুল হক (কিশোরগঞ্জ-৩):** যুব ও ক্রীড়া মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, আজকের শিশু আগামীর ভবিষ্যৎ; তাই শিশুদেরকে সঠিকভাবে গড়িয়া তুলিবার জন্য লেখাপড়া ও খেলা ধুলার নিমিত্ত বি.কে.এস.পির মত আদর্শ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান প্রতি জেলায় প্রতিষ্ঠিত করিবার কোনো পরিকল্পনা সরকারের আছে কী?

***২১২। বেগম নাসরিন জাহান রতনা (বরিশাল-৬):** স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় (স্থানীয় সরকার বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চলতি অর্থ বছরে বরিশাল জেলার বাকেরগঞ্জ উপজেলার অবকাঠামো উন্নয়নের লক্ষ্যে বিশেষ কোনো অর্থ বরাদ্দ রাখা হইয়াছে কিনা; হইলে, তাহার বছরওয়ারী হিসাব কী?

***২১৩। জনাব মোঃ হাবিবর রহমান (বগুড়া-৫):** যুব ও ক্রীড়া মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি,

ক) উপজেলা পর্যায়ে যুব উন্নয়ন কর্মসূচির অধীনে চলতি অর্থ বছরে বগুড়া জেলার শেরপুর এবং ধুনট উপজেলাদ্বয়ে কোনো প্রকল্প গ্রহণের পরিকল্পনা সরকারের আছে কিনা; খ) উত্তর হ্যাঁ সূচক হইলে, প্রকল্পসমূহ কী কী; প্রকল্পওয়ারী ব্যয় বরাদ্দ কত; কবে নাগাদ কার্যক্রম শুরু হইবে; এবং গ) উত্তর না সূচক হইলে, তাহার কারণ কী?

***২১৪। জনাব আবদুল মান্নান (লক্ষ্মীপুর-৪):** স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় (স্থানীয় সরকার বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, লক্ষ্মীপুর জেলার রামগতি ও কমলনগর উপজেলায় হাট বাজার উন্নয়নের লক্ষ্যে কোনো প্রকল্প গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে, তাহা কী?

***২১৫। জনাব কাজিম উদ্দিন আহম্মেদ (ময়মনসিংহ-১১):** স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় (স্থানীয় সরকার বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চলতি অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো ও পল্লী উন্নয়ন প্রকল্পের আওতায় ময়মনসিংহ জেলার ভালুকা উপজেলায় কোনো প্রকল্প গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে, তাহা কী?

***২১৬। জনাব মোঃ আনোয়ারুল আজীম (আনার) (ঝিনাইদহ-৪):** স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় (স্থানীয় সরকার বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ঝিনাইদহ জেলার কালীগঞ্জ উপজেলায় গ্রামীণ রাস্তাঘাট সংস্কার/পুনঃনির্মাণ করিবার লক্ষ্যে বর্তমানে কোনো প্রকল্প গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে, তাহা কী?

***২১৭। জনাব মো: মোজাফফর হোসেন (জামালপুর-৫):** স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় (পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি,

ক) জামালপুর জেলার সদর উপজেলায় পল্লী অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় চলতি অর্থ বছরের নতুন কোনো প্রকল্প গ্রহণের পরিকল্পনা আছে কিনা; খ) উত্তর হ্যাঁ সূচক হইলে, সম্ভাব্য প্রকল্পসমূহ কী কী; এবং প্রকল্পওয়ারী ব্যয় বরাদ্দ কত; কবে নাগাদ বাস্তবায়ন কাজ শুরু হইবে?

***২১৮। ডাঃ সামিল উদ্দিন আহমেদ শিমুল (চাঁপাইনবাবগঞ্জ-১):** স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় (স্থানীয় সরকার বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ২০১৮ সাল হইতে অদ্যাবধি আমার নির্বাচনী এলাকায় শিবগঞ্জ উপজেলায় মোট কত কিঃ মিঃ রাস্তা নির্মাণ, সংস্কার ও পাকাকরণ করা হইয়াছে?

***২১৯। জনাব শামীম হায়দার পাটোয়ারী (গাইবান্ধা-১):** স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় (স্থানীয় সরকার বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, গাইবান্ধা জেলায় চলতি অর্থ বছরে কোনো নলকূপ দেওয়া হইয়াছে কিনা; হইলে, তাহা কী; এবং না হইলে, দেওয়া হইবে কিনা?

***২২০। জনাব আহসানুল ইসলাম (টিটু) (টাঙ্গাইল-৬):** স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় (স্থানীয় সরকার বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, আমার নির্বাচনী এলাকা ১৩৫, টাঙ্গাইল-৬ নাগরপুর-দেলদুয়ার উপজেলা নিয়া গঠিত; বর্তমানে টাঙ্গাইল জেলার নাগরপুর ও দেলদুয়ার উপজেলায় স্থানীয় সরকার মন্ত্রণালয়ের অধীনে কাঁচা রাস্তার পরিমাণ কত; উপজেলাওয়ারী তাহার হিসাব কী; এবং উক্ত কাঁচা রাস্তা কবে নাগাদ পাকা করা হইবে?

***২২১। মোছাঃ খালেদা খানম (মহিলা আসন-২৭):** স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় (স্থানীয় সরকার বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ঝিনাইদহ পৌরসভার ড্রেন সংস্কার ও ফুটপাত নির্মাণের লক্ষ্যে কোনো প্রকল্প গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে, তাহা কী?

***২২২। জনাব আঃ কাঃ মঃ সরওয়ার জাহান (কুষ্টিয়া-১):** স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় (স্থানীয় সরকার বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, কুষ্টিয়া জেলার দৌলতপুর উপজেলা সদর ও আল্লারদর্গাকে পৌরসভায় উন্নীত করিবার কোনো পরিকল্পনা আছে কিনা; থাকিলে, কবে নাগাদ করা হইবে; না হইলে, কারণ কী?

***২২৩। মোঃ শহিদুল ইসলাম (বকুল) (নাটোর-১):** স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় (স্থানীয় সরকার বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, নাটোর জেলার লালপুর ও বাগাতিপাড়া উপজেলার জনসাধারণের বিশুদ্ধ খাবার পানির সমস্যার সমাধানকল্পে কোনো প্রকল্প গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে, তাহা কী?

***২২৪। মমতাজ বেগম (মানিকগঞ্জ-২):** যুব ও ক্রীড়া মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, কর্মপ্রত্যাশী যুবক ও যুবনারীকে কর্মসংস্থান ও আত্মকর্মসংস্থানে নিয়োজিত কবিবার লক্ষ্যে সরকার কোনো পরিকল্পনা গ্রহণ করিয়াছে কিনা?

***২২৫। খঃ মমতা হেনা লাভলী (মহিলা আসন-৩১):** যুব ও ক্রীড়া মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, আপনার মন্ত্রণালয়ের অধীনে যানবাহন চালনা প্রশিক্ষণ প্রকল্পের আওতায় কোনো প্রকল্প গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে, তাহা কী?

***২২৬। আদিবা আনজুম মিতা (মহিলা আসন-৩৭):** স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় (পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, সরকারি ব্যবস্থাপনায় রাজশাহী জেলার গোদাগাড়ী ও তানোর উপজেলায় সমবায় বাজার প্রতিষ্ঠা করা হইবে কিনা; হইলে, তাহা কবে নাগাদ; না হইলে, তাহার কারণ কী?

***২২৭। জনাব দিদারুল আলম (চট্টগ্রাম-৪):** যুব ও ক্রীড়া মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ন্যাশনাল সার্ভিস কর্মসূচি সরকারের সর্বোচ্চ অগ্রাধিকারের একটি কর্মসূচি; এই কর্মসূচির অর্জিত সাফল্য কী; চট্টগ্রাম-৪ আসনে উক্ত কর্মসূচি চালুর পরিকল্পনা সরকারের আছে কিনা?

***২২৮। জনাব মনজুর হোসেন (ফরিদপুর-১):** স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় (স্থানীয় সরকার বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, "আমার গ্রাম আমার শহর পাইলট গ্রাম উন্নয়ন" শীর্ষক প্রকল্পের আওতায় কোন্ কোন্ জেলা অন্তর্ভুক্ত হইয়াছে?

***২২৯। জনাব নিজাম উদ্দিন হাজারী (ফেনি-২):** যুব ও ক্রীড়া মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, যুব প্রশিক্ষণ কেন্দ্র হইতে প্রশিক্ষিত যুবকদের বর্তমানে প্রদত্ত ঋণের পরিমাণ বৃদ্ধি করিয়া দ্বিগুন করিবার পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে, তাহা কবে নাগাদ বাস্তবায়ন করা হইবে?

***২৩০। সৈয়দা রুবিনা আক্তার (মহিলা আসন-২৮):** স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় (স্থানীয় সরকার বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চলতি অর্থ বছরে বরিশাল সিটি কর্পোরেশনের উন্নয়নে কোনো অর্থ বরাদ্দ করা হইয়াছে কিনা; হইলে, তাহা কী?

***২৩১। জনাব শফিকুল ইসলাম শিমুল (নাটোর-২):** স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় (স্থানীয় সরকার বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, নাটোর জেলার সদর ও নলডাঙ্গা উপজেলার জনসাধারণের বিশুদ্ধ খাবার পানির সমস্যার সমাধানকল্পে কোনো প্রকল্প গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে, তাহা কী?

***২৩২। জনাব আনোয়ার হোসেন খান (লক্ষ্মীপুর-১):** যুব ও ক্রীড়া মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, আমার নির্বাচনী এলাকা লক্ষ্মীপুর-১ এর অন্তর্গত রামগঞ্জ উপজেলার খেলার মাঠসমূহের উন্নয়নে কোনো প্রকল্প গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে, তাহা কী?

***২৩৩। সৈয়দ আবু হোসেন (ঢাকা-৪):** স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় (স্থানীয় সরকার বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে ঢাকা দক্ষিণ ও উত্তর সিটি কর্পোরেশনে পানির চাহিদা কত; চাহিদা অনুযায়ী পানি ঘাটতি আছে কিনা; এবং পানির বিশুদ্ধ করিবার লক্ষ্যে কী কী পরীক্ষা করা হয়?

***২৩৪। জনাব মোঃ নজরুল ইসলাম বাবু (নারায়ণগঞ্জ-২):** যুব ও ক্রীড়া মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চলতি অর্থ বছরে নারায়ণগঞ্জ জেলার উপজেলা পর্যায়ে কোনো খেলার মাঠ উন্নয়নের পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে, তাহা কী?

***২৩৫। জনাব ফখরুল ইমাম (ময়মনসিংহ-৮):** যুব ও ক্রীড়া মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চলতি অর্থ বছরে ময়মনসিংহ জেলার ঈশ্বরগঞ্জ উপজেলায় যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কর্তৃক খেলার মাঠ উন্নয়নে আর্থিক অনুদান প্রদান করা হইয়াছে কিনা; হইলে, তাহার তালিকা কী?

***২৩৬। জনাব মোয়াজ্জেম হোসেন রতন (সুনামগঞ্জ-১):** স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় (পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, আয়বর্ধনমূলক কর্মকান্ডের মাধ্যমে দারিদ্র্য বিমোচনের জন্য একটি বাড়ী একটি খামার প্রকল্পের আওতায় আমার নির্বাচনী এলাকায় বর্তমান পর্যন্ত কতটি বাড়ি নির্মাণ করা হইয়াছে; নতুন করিয়া বাড়ি নির্মাণের কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা?

*২৩৭। **জনাব মোঃ আফজাল হোসেন (কিশোরগঞ্জ-৫):** স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় (স্থানীয় সরকার বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ২০৪১ সালের মধ্যে বাংলাদেশকে উন্নত দেশে রূপান্তরের লক্ষ্যে রূপকল্প ২০২১ এর সাফল্যের ধারাবাহিকতায় পল্লী জনগণের আর্থসামাজিক অবস্থার উন্নয়নে সরকার কোনো পরিকল্পনা গ্রহণ করিয়াছে কিনা?

*২৩৮। **জনাব মোরশেদ আলম (নোয়াখালী-২):** স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় (স্থানীয় সরকার বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, অন্তর্বর্তীকালীন পানি সরবরাহ প্রকল্পের আওতায় অন্তর্বর্তীকালীন পানি সরবরাহের লক্ষ্যে সরকার গত ১৪ বছর কী কী কর্মসূচী গ্রহণ ও বাস্তবায়ন করিয়াছে?

*২৩৯। **নুরুন্নবী চৌধুরী (ভোলা-৩):** স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় (স্থানীয় সরকার বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ভোলা জেলার লালমোহন পৌরসভায় পৌর অবকাঠামো উন্নয়ন বা নগর অবকাঠামো উন্নয়ন শীর্ষক প্রকল্পের আওতায় কোনো উন্নয়ন কর্মসূচি গ্রহণ করা হইবে কিনা; গ্রহণ করা হইলে, তাহা কবে নাগাদ বাস্তবায়ন করা হইবে?

*২৪০। **হাফিজ উদ্দিন আহম্মেদ (ঠাকুরগাঁও-৩):** স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় (স্থানীয় সরকার বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি- (ক) ২০২২-২০২৩ অর্থ বছরে এডিপিতে জেলা পরিষদগুলিতে কোন জেলা পরিষদে কত অর্থ বরাদ্দ দেওয়া হইয়াছে;

(খ) ঠাকুরগাঁও জেলা পরিষদের কোন উপজেলায় কত; এবং প্রকল্পগুলির নাম কী কী; বরাদ্দ কত?

*২৪১। **জনাব মোঃ মামুনুর রশীদ কিরন (নোয়াখালী-৩):** স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় (স্থানীয় সরকার বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, গ্রামীণ অবকাঠামো উন্নয়নে স্যানিটেশন ও স্বাস্থ্য সম্মত পানির প্রাপ্যতা নিশ্চিতকল্পে সরকার গত ১৪ বছর কী কী পদক্ষেপ গ্রহণ করিয়াছে; এবং গৃহীত পদক্ষেপের বিপরীতে অর্জিত সাফল্যসমূহ কী?

*২৪২। **পীর ফজলুর রহমান (সুনামগঞ্জ-৪):** স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় (স্থানীয় সরকার বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, সুনামগঞ্জ জেলাধীন সুনামগঞ্জ সদর ও বিশ্বম্ভরপুর উপজেলায় ভয়াবহ বন্যায় ক্ষতিগ্রস্ত গ্রামীণ জনপথের রাস্তাগুলি পুনঃসংস্কারে কোনো বিশেষ উদ্যোগ নেওয়া হইয়াছে কিনা?

*২৪৩। **জনাব এম. আব্দুল লতিফ (চট্টগ্রাম-১১):** স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় (স্থানীয় সরকার বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, রাজধানী ঢাকা সিটি এলাকায় বিলবোর্ড স্থাপনের ক্ষেত্রে চলমান বিজ্ঞাপন নীতিমালায় অবৈধ বিলবোর্ড স্থাপন কারীদের বিরুদ্ধে কোনো শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের সুযোগ রহিয়াছে কিনা; এবং থাকিলে, তাহা কী; না থাকিলে, নীতিমালায় অবৈধ বিলবোর্ড স্থাপনকারীদের শাস্তির ব্যবস্থা সংযোজনের পরিকল্পনা সরকারের আছে কিনা?

*২৪৪। **এনামুল হক (রাজশাহী-৪):** স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় (পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে রাজশাহী জেলার বাগমারা উপজেলায় অবকাঠামোগত উন্নয়নের লক্ষ্যে কোনো প্রকল্প গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে, তাহা কী; না হইলে, প্রকল্প গ্রহণ করা হইবে কিনা?

*২৪৫। **জনাব আলী আজম (ভোলা-২):** স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় (স্থানীয় সরকার বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে ভোলা জেলার দৌলতখান ও বোরহানউদ্দিন উপজেলার অবকাঠামোগত উন্নয়নের লক্ষ্যে কোনো প্রকল্প গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে, তাহা কী?

*২৪৬। **জনাব মাহফুজুর রহমান (চট্টগ্রাম-৩):** স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় (স্থানীয় সরকার বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে আমার নির্বাচনী এলাকা ২৮০ চট্টগ্রাম-৩ সন্দ্বীপ উপজেলার কত কিলোমিটার রাস্তা কাঁচা রহিয়াছে; উক্ত কাঁচা রাস্তাসমূহ দ্রুত পাকাকরণের কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা?

*২৪৭। **মোঃ শাহে আলম (বরিশাল-২):** স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় (স্থানীয় সরকার বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বরিশাল জেলায় উৎপাদনশীল ও সম্ভাবনাময় কর্মের সুযোগ গ্রহণে নারীর সামর্থ্য উন্নয়ন (স্বপ্ন) প্রকল্প আছে কিনা; না থাকিলে, বাস্তবায়ন করা হইবে কিনা; না হইলে, তাহার কারণ কী?

***২৪৮। জনাব মোঃ মসিউর রহমান রাঙ্গাঁ (রংপুর-১):** স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় (স্থানীয় সরকার বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি-

ক) চলতি অর্থ বছরে দেশে কোনো ফিডার রোড নির্মাণের পরিকল্পনা আছে কিনা; খ) উত্তর হ্যাঁ সূচক হইলে, তাহার সংখ্যা কত; রাস্তাওয়ারী ব্যয় বরাদ্দসহ দৈর্ঘ্য কত; এবং গ) রংপুর জেলার গংগাচড়া উপজেলা উক্ত প্রকল্পের অন্তর্ভুক্ত কিনা; না হইলে, তাহার কারণ কী?

***২৪৯। বেগম নাজমা আকতার (মহিলা আসন-৪৬):** স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় (স্থানীয় সরকার বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে ফেনী জেলায় অবকাঠামোগত উন্নয়নের লক্ষ্যে কোনো প্রকল্প গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে, তাহা কী ; না হইলে, প্রকল্প গ্রহণ করা হইবে কিনা?

***২৫০। জনাব পনির উদ্দিন আহম্মেদ (কুড়িগ্রাম-২):** স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় (স্থানীয় সরকার বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চলতি অর্থ বছরে কুড়িগ্রাম জেলার অবকাঠামো উন্নয়নের লক্ষ্যে বিশেষ কোনো অর্থ বরাদ্দ রাখা হইয়াছে কিনা; হইলে, তাহার উপজেলাওয়ারী হিসাব কী?

***২৫১। গাজী মোহাম্মদ শাহনওয়াজ (হবিগঞ্জ-১):** স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় (পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, আমার নির্বাচনী এলাকা ২৩৯ হবিগঞ্জ-১ এর নবীগঞ্জ ও বাহুবল উপজেলায় পল্লী জীবিকায়ন প্রকল্প এর কার্যক্রম চলমান রহিয়াছে কিনা; থাকিলে, তাহার অগ্রগতি কী; না থাকিলে, অন্তর্ভুক্ত করা হইবে কিনা?

**ঢাকা,**
**১৩ জ্যৈষ্ঠ, ১৪৩০ বঙ্গাব্দ ।**
**২৭ মে, ২০২৩ খ্রিস্টাব্দ ।**

**কে, এম, আব্দুস সালাম**
সংসদ সচিব
বাংলাদেশ জাতীয় সংসদ।